



তথ্য বিবরণী

নম্বর:৪৮

জামালপুরে 'স্মার্ট বাংলাদেশ: গণমাধ্যম ব্যক্তির করণীয়' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

জামালপুর (রবিবার, ১৫ অক্টোবর ২০২৩)

আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহের উদ্যোগে জামালপুরের গণমাধ্যমকর্মীদের নিয়ে 'স্মার্ট বাংলাদেশ: গণমাধ্যম ব্যক্তির করণীয়' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। জামালপুর জেলা প্রশাসনের সহযোগিতায় জেলা প্রশাসক সম্মেলন কক্ষে রবিবার (১৫ অক্টোবর) এ সেমিনার আয়োজন করা হয়।

জামালপুর জেলার গণমাধ্যমকর্মীদের সাথে স্মার্ট বাংলাদেশ নির্মাণে করণীয় বিশ্লেষণ এর পাশাপাশি পারস্পরিক সহযোগিতা, সমন্বয় ও আন্তরিকতা বৃদ্ধির লক্ষ্যে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জামালপুর জেলা তথ্য অফিসের উপ-পরিচালক মুহাম্মদ জালাল উদ্দিন। তিনি বলেন, স্মার্ট বাংলাদেশ গড়ে তুলতে সুস্থ ও সামাজিক পরিবেশ গড়ে তুলতে হবে। মানসিকভাবে ও ডিজিটালি সবাইকে স্মার্ট হতে হবে। কর্মক্ষেত্রে স্মার্ট প্রযুক্তির প্রয়োগ ঘটাতে হবে।

সেমিনারে স্মার্ট বাংলাদেশ গঠনে ভিশন ২০৪১ সালকে সামনে রেখে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ময়মনসিংহ বিভাগীয় সমাজসেবা কার্যালয়ের পরিচালক মোহাম্মদ গোলাম মোস্তফা। প্রবন্ধে স্মার্ট বাংলাদেশ গঠনের ০৪ স্তম্ভ- স্মার্ট সিটিজেন, স্মার্ট গভর্নমেন্ট, স্মার্ট ইকোনমি ও স্মার্ট সোসাইটি গঠনের শর্তাবলী, লক্ষ্য, উদ্দেশ্য সম্পর্কে তিনি আলোচনা করেন। আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, বিগ ডাটা এনালিটিক্স, ক্লাউড কম্পিউটিং, আইওটি, রোবোটিক্স এর মতো প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়সমূহ এবং স্মার্ট বাংলাদেশ গঠন এদের ভূমিকা নিয়ে বিশদ ব্যাখ্যা করেন। চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জকে মোকাবিলা করেই স্মার্ট বাংলাদেশ গঠনে এগিয়ে যেতে হবে বলে মন্তব্য করেন।

মূল প্রবন্ধের উপর আলোচনাকালে মুক্ত আলোচনায় স্মার্ট বাংলাদেশের অভিযাত্রায় সাংবাদিকদের ওয়েজ বোর্ডের সার্বজনীন বাস্তবায়ন ও স্মার্ট প্রযুক্তির ব্যবহারে সাংবাদিকদের আর্থিক সক্ষমতার ব্যাপারে কথা হয়। জামালপুর প্রেসক্লাবের সভাপতি হাফিজ রায়হান সাদা আলোচনায় সেমিনার আয়োজনের জন্য আঞ্চলিক তথ্য অফিস ময়মনসিংহকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

জামালপুর জেলা প্রশাসক মোঃ শফিউর রহমান সভাপতির বক্তব্যে বলেন, স্মার্ট বাংলাদেশ গঠনের চারটি স্তরের মধ্যে স্মার্ট সিটিজেন গঠন অন্যতম। স্মার্ট সিটিজেন গঠনে সবারই দায়িত্ব রয়েছে। স্মার্ট বাংলাদেশ তৈরিতে যার যার অবস্থান থেকে মিডিয়া থেকে শুরু করে সবাইকে সচেষ্টিত হতে হবে।

অনুষ্ঠানে মুখ্য আলোচক আঞ্চলিক তথ্য অফিস ময়মনসিংহের উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান বলেন, এআই, রোবোটিক্স এর মতো প্রযুক্তির ব্যবহারে মানুষের জন্য কাজের ক্ষেত্র সংকুচিত হবে না, বরং ভিন্নমুখী এবং অধিক ফলদায়ী হবে। সাংবাদিকদেরও ডিজিটাল প্রযুক্তি ব্যবহারে দক্ষতা বৃদ্ধি করতে হবে। স্মার্ট বাংলাদেশের নাগরিকদের স্কিল ডেভেলপমেন্ট এর মাধ্যমে নিজেদের দক্ষতাকে আরো শানিত করতে হবে।